

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৮২

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রাণ্টি)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - নফল সিয়ামের ইফতারের বিবরণ

### আরবী

عَن بُرَيْدَة قَالَ: دَخَلَ بِلَالٌ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يَتَغَدَّى فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهِ صَلَّى اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ: «الْغَدَاءَ يَا بِلَالُ» . قَالَ: إِنِّي صَائِمٌ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «نَأْكُلُ رِزْقَنَا وَفَضْلُ رِزْقِ بِلَالٍ فِي الْجَنَّةِ أَشعرت يَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «نَأْكُلُ رِزْقَنَا وَفَضْلُ رِزْقِ بِلَالٍ فِي الْجَنَّةِ أَشعرت يَا بِلَال أَن الصَّائِم نُسَبِّح عِظَامه وَتَسْتَغْفِر لَهُ الْمَلَائِكَةُ مَا أَكَلَ عِنْدَهُ؟» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي شعب الْإِيمَان

#### বাংলা

২০৮২-[৭] বুরায়দাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, বিলাল(রাঃ) একবার রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে এলেন। এ সময় তিনি (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) সকালের নাশতা করছিলেন। রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বিলালকে বললেন, হে বিলাল! এসো খাবার খাও। বিলাল বললেন, হে আল্লাহর রসূল! আমি সওমে আছি। তিনি বললেন, আমরা তো (এখানে অর্থাৎ- দুনিয়ায়) আমাদের রিয়ক খাচ্ছি। আর বিলালের উত্তম খাবার হবে জান্নাতে। হে বিলাল! তুমি কি জানো? (সায়িমের সামনে যখন খাবার খাওয়া হয় তখন) সায়িমের হাড় আল্লাহর তাসবীহ করে। যতক্ষণ তার সামনে খাওয়া চলে। ততক্ষণ আল্লাহর মালায়িকাহ্ (ফেরেশতা) (ফেরেশতাগণ) তার জন্য মাগফিরাত কামনা করতে থাকেন। (বায়হাক্বী, শু'আবিল ঈমান)[1]

## ফুটনোট

[1] মাওয়্': শু'আবূল ঈমান ৩৩১৪, ইবনু মাজাহ ১৭৪৯, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ১৩৩১, য'ঈফ আত্ তারগীব ৬৫৬, য'ঈফ আল জামি' ৫৯৫২। কারণ এর সানাদে রাবী মুহাম্মাদ ইবনু 'আবদুর রহমান সম্পর্কে ইবনু 'আদী (রহঃ) বলেন, সে মুনকারুল হাদীস। আর 'আবদী (রহঃ) বলেন, সে মিথ্যুক, মাতরূকুল হাদীস।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: আলোচ্য হাদীসের সমর্থনে পূর্বে উল্লেখিত উম্মু 'উমারাহ্ (রাঃ)-এর বর্ণিত হাদীস এবং ইবনু 'আব্বাস (রাঃ)-এর বর্ণিত হাদীস মারফূ'ভাবে এই শব্দে রয়েছে যে, যখন সায়িম ব্যক্তি কোন দলের মাঝে উপবিষ্ট থাকবে, আর তারা খাওয়াতে রত, তখন মালায়িকাহ্ (ফেরেশতা) উক্ত সিয়াম পালনকারী ব্যক্তির দু'আ করতে থাকে তার ইফতার করা পর্যন্ত ।

'ত্বারানী আল আওসাত' গ্রন্থে বর্ণনা করেছেন এবং তাতে আবান বিন 'আয়াশ নামক রাবী রয়েছেন, যিনি মাতরূক। মাজমা'উয্ যাওয়ায়িদ-এও অনুরূপ বর্ণনা রয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন